

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৭৫

করবুক, ১৪ জানুয়ারি, ২০২৪

তীর্থমুখ পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন

বিশ্বাস ও আস্থার উপর দাঁড়িয়ে আছে তীর্থমুখ পৌষ সংক্রান্তি মেলা : মুখ্যমন্ত্রী

মানুষের বিশ্বাস ও আস্থার উপর দাঁড়িয়ে আছে তীর্থমুখ পৌষ সংক্রান্তি মেলা। মেলা মানেই মানুষের মেলবন্ধন। এই মেলবন্ধনই আমাদের এক্য ও সংহতিকে সুদৃঢ় করে রেখেছে। আজ তীর্থমুখ পৌষ সংক্রান্তি মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, তীর্থমুখ এক পবিত্র স্থান। এখানে মানুষ পিতৃ তর্পণ ও পুণ্য স্নান করে আসছেন সুপ্রাচীন কাল থেকে। মানুষের বিশ্বাস এখানে এলে পুণ্য প্রাপ্তি হয়। তিনি বলেন, আগামী ২২ জানুয়ারি অযোধ্যায় রাম মন্দিরের শুভ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রাম মন্দির নির্মাণের মধ্য দিয়ে দেশে রাম রাজ্য প্রতিষ্ঠার সংকল্পে নিয়ে কাজ করছেন প্রধানমন্ত্রী।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, জাতি-জনজাতি সহ প্রান্তিক মানুষের সামাজিক ও আর্থিক উন্নয়নের জন্য রাজ্য সরকার কাজ করছে। রাজ্যের সার্বিক বিকাশের মধ্য দিয়ে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে উঠবে। বর্তমান সরকার মানুষের সমস্যা সমাধানের সরকার। তীর্থমুখ এলাকায় রাস্তাঘাট, মোবাইল টাওয়ার, পর্যটকদের থাকার ব্যবস্থা সহ আধুনিক পরিষেবা প্রদানের লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের সার্বিক উন্নয়নে গৃহীত কর্মসূচির কথা তুলে ধরেন।

অনুষ্ঠানে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, তীর্থমুখ এলাকার উন্নয়নের কাজ চলছে। খুব শীত্রিহ এখানে বিএসএনএল টাওয়ার বসানো হবে। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া বলেন, জনজাতি অংশের লোকজন গোমতীর উৎস মুখে মকর সংক্রান্তিতে পুণ্য স্নান, পিতৃ তর্পণ করে আসছেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন টিএএডিসির কার্যনির্বাহী সদস্য ডলি রিয়াং।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলাশাসক ও সমাহর্তা তড়িৎ কান্তি চাকমা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব ত্রিপুরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্চয় মানিক ত্রিপুরা, বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক নন্দিতা দেববর্মা রিয়াং, টিটিএএডিসি-র কার্যনির্বাহী সদস্য রাজেশ ত্রিপুরা, এমডিসি ভূমিকানন্দ রিয়াং, এমডিসি কাঙজং মগ, আইজিপি সৌমিত্র ধর, জনজাতি কল্যাণ দপ্তরের সচিব এল টি ডার্লং, জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা এস প্রভু, গোমতী জেলার পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ। মেলা উপলক্ষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মেলায় বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়েছে।
